এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: ১ ১ ১

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** সুমনা ও রুবানা দুই বোন। রাত্রে বিছানায় ঘুমাতে যেয়ে বলে, রুবানা আমাদের ভাল করে পড়াশুনা করতে হবে। বাবা যদি রোযগার না করত তাহলে আমরা অনাহারে মরতাম। বাবাই হচ্ছে আমাদের রিযিক দাতা। সুমনার কথা শুনে রুবানা বলে, ভাল করে পড়াশুনা করে কী হবে? তকদীরে যা আছে তাই হবে।

ক. "জাব্বার" শব্দের অর্থ কী? ১

খ. ইসলাম বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে সুমনার মনোভাবটি কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুবানার চিন্তাধারা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**২.▶** শানু ও রানু দুই বোন গ্রামের বাড়ি যাচ্ছিল। ট্রেন থেকে নেমে ব্রিটিশ আমলের তৈরি লোহার ব্রিজ পার হয়ে যেতে হবে। নিচে বিরাট নদী। ব্রিজের উপর উঠে ছোট বোন রানু ভীষণ ভয় পায় এবং বলে শানু আপু আমাকে বাঁচাও। আমি এর উপর হেঁটে পার হতে পারব না। শানু আপু বলে, তোমাকে একদিন একটি অন্ধকার অতি সরু পুল পার হতে হবে, তখন কী করবে? আমি তো তখন তোমার জন্য কোনো অনুরোধ রক্ষা করতে পারব না। অনুরোধ করার জন্য মহান ব্যক্তি রয়েছেন।

ক. কয় শ্রেণির লোক আল্লাহর আরশের ছায়াতলে আশ্রয় পাবে? ১

খ. "ইয়াওমুল বা'ছ" বলতে কী বোঝায়? ২

গ. রানুর ভয় পাওয়ার বিষয়টি তোমার পাঠ্য বইয়ের কোন বিষয়ের সাথে মিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'অনুরোধ করার জন্য মহান ব্যক্তি রয়েছে'– বিশ্লেষণ কর। ৪

**৩.▶** অনিক ষষ্ঠ শ্রেণির ছাত্র। হঠাৎ একদিন সড়ক দূর্ঘটনায় তার বাবা-মা মৃত্যুবরণ করেন। প্রতিবেশী ও আত্মীয় স্বজনেরা চিন্তিত হয়ে পড়ে যে, অনিকের কী হবে? প্রতিবেশী চাচা আফজাল সাহেব বলেন, সৃষ্টিকর্তাই একটা ব্যবস্থা করে দিবেন। অভাবমুক্ত করবেন।

ক. "আস-সায়িলা" শব্দের অর্থ কী? ১

খ. "আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে" বুঝিয়ে লিখ। ২

গ. অনিকের অবস্থাটি তোমার পাঠ্যবইয়ের কোন সূরার সাথে মিলকৃত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের সাথে মিলকৃত সূরাটির শিক্ষা বিশ্লেষণ কর। ৪

**৪.▶** রফিক সাহেবের বাবা-মা গ্রামের বাড়িতে বিশাল বাগান তৈরি করেন। রফিক সাহেব এতে মনোঃক্ষুণ্ন হয়ে বলেন, বাবা আমরা তো শহরে থাকব,

http://teachingbd.com

গ্রামে যাওয়ার সময় হবে না। বাগানের ফলমূল খাবে কে? বাবা বললেন, "যার ভাগ্যে আছে সে-ই খাবে। কোরআন হাদিস পড়ে জ্ঞান অর্জন করার চেষ্টা করো।

ক. কাজের উদ্দেশ্য বা লক্ষ্যকে কী বলা হয়? ১
খ. হাদিসে কুদসি বলতে কি বোঝায়? ২
গ. রফিক সাহেবের মনোভাবটি কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বাবার মন্তব্য সংশ্লিষ্ট হাদিসের আলোকে মূল্যায়ন কর। ৪

**৫.▶** লাইসা বাবার সঙ্গে ঢাকা যাচ্ছিল। কমলাপুর স্টেশনে নেমেই চোখে পড়ল, এক অসহায় দরিদ্র লোক একটি পলিথিনে ফেলে দেওয়া খাবার তুলে নিয়ে খাচ্ছে। এটা দেখে লাইসার চোখ অশ্রুসজল হয়ে উঠে এবং বাবাকে বলে, বাবা লোকটিকে কিছু টাকা সাহায্য কর।

ক. কুরবানি করা হজের কীরূপ? ১
খ. "যাকাত হলো ইসলামের সেতু বন্ধন।' বুঝিয়ে লিখ। ২
গ. কোন ইবাদাতের কথা স্মরণ করে লাইসার মনে দয়ার উদ্রেক হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ইবাদাতটির ধর্মীয় ও সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

**৬.▶** সোহেল ও সোপান দুই বন্ধু পদ্মার ধারে বসে গল্প করছিল। ধনীর ছেলে সোপান। সোহেল সোপানকে বলল, সোপান আমাকে কিছু অর্থ ধার দাও, আমি একটা সাইকেল কিনব। বিদ্যালয়ে যাতায়াতে আমার খুব কষ্ট হচ্ছে। আমার উপর বিশ্বাস রেখ আমি যথা সময়ে দিয়ে দিব। সোপান বলল সমস্যা নাই। কিন্তু সোহেল তুমি আমাকে এমন গুণের কথা বল, যেটা আমার নৈতিক জীবন গঠনে সুরক্ষিত দুর্গের মত কাজ করবে।

ক. "সুন্দর চরিত্রই পূণ্য।" এটি কোন হাদীস গ্রন্থ থেকে নেয়া হয়েছে? ১
খ. "সত্যবাদিতা মুক্তি দেয়, আর মিথ্যা ডেকে আনে ধ্বংস" এ কথা বলা হয়েছে কেন? ২
গ. সোহেলের মধ্যে কোন গুণটি থাকলে সোপান তার উপর বিশ্বাস রাখতে পারবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সোহেল সোপানকে উদ্দীপক মাফিক কোন গুণের চর্চার পরামর্শ দিতে পারে? বিশ্লেষণ কর। ৪

**৭.▶** বর্তমান সমাজে দেখা দিয়েছে জঙ্গি সন্ত্রাস। যা নিয়ে সারাবিশ্ব আতঙ্কিত। মি: ক ও খ এ পথেরই পথযাত্রী। যা কোন সুস্থ মানুষের কাম্য হতে পারে না।

ক. হিংসার আরবি প্রতিশব্দ কী? ১
খ. 'রিবা' বলতে কী বোঝায়? ২
গ. মি: ক ও খ এর কার্যকলাপ সমাজে কী ঘটাতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তাদের ঘটানো বিষয় সম্পর্কে ইসলামী বিধান বিশ্লেষণ কর। ৪

**৮.▶** লুবাবা ঢাকার একটি প্রতিষ্ঠিত কোম্পানীতে চাকুরী করে। জ্যামে পড়ে প্রায়ই অফিসে আসতে দেরী হয়। এ জন্য ম্যানেজার তার বেতন থেকে কিছু অংশ কেটে নেন। বেলাল নামে এক বালকও ঐ কোম্পানীতে কাজ করে। তাকে সাধ্যের বাইরে কাজ দেয়া হয় এবং সময় মত পারিশ্রমিক দেওয়া হয় না।

http://teachingbd.com

ক. শিক্ষাহীন জাতি কিসের মত? ১
খ. ইবাদত বলকে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ম্যানেজার সাহেবের মনোভাবটি কীরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক থেকে প্রাপ্ত বিষয় সম্পর্কে ইসলামি বিধি-বিধান বিশ্লেষণ কর। ৪

৯.▶ লস্করপুর ইউনিয়নে 'ক' দল ও 'খ' দলের মধ্যে কঠিন বিরোধ চলছিল। 'ক' দল ক্ষমতায় থাকার কারণে তাদের দাপটে সমস্ত জনগণ অতিষ্ট। কিন্তু ইউনিয়ন পরিষদ নির্বাচনে 'খ' দল জয়ী হয়। 'খ' দল বিজয়ের ফলে তাদের প্রতিশোধ গ্রহণের সুযোগ সত্ত্বেও 'খ' দলের নেতা একে অপরকে ক্ষমা করে দিয়ে তাদের অভ্যন্তরীণ দ্বন্দ্ব মিমাংসা করার সিদ্ধান্ত নিলেন। তারপর হজে গিয়ে এক মূল্যবান ভাষণ দিলেন।

ক. হযরত মুহম্মদ (স:) কত খৃষ্টাব্দে হিজরত করেন? ১
খ. মদীনা সনদ বলতে কী বোঝায়? ২
গ. "খ" দলের নেতার ক্ষমার বিষয়টি কীরূপ? পাঠ্যপুস্তকের সাথে সংগতি রেখে ব্যাখ্যা কর। ৩
ঘ. "খ" দলের নেতার হজের ভাষণটির তাৎপর্য সামঞ্জস্যপূর্ণভাবে বিশ্লেষণ কর। ৪

১০.▶ রবিন ও রিতা দুই ভাই বোন। রবিন বিশ্ববিদ্যালয়ে গণিত বিভাগের ছাত্র। রিতা যখন নবম শ্রেণিতে উঠে তখন তার মা রবিনকে গণিত বিষয়টি পড়ানোর ভার দেন। এতে রবিন সম্মত হয়। কিছুদিন পর রবিন বিষয়টিকে অবহেলা করতে থাকে। একদিন দুই ভাই বোনের মধ্যে কথা কাটাকটি হয়। তারপর রবিন বলে, তোর ঘর, পড়ার টেবিল খুব অগোছালো, আমি তোকে অংক করাবো না।

ক. পিতার চেয়ে মাতার অধিকার কতগুণ বেশি? ১
খ. স্বদেশ প্রেমের উপায় বুঝিয়ে লিখ। ২
গ. রবিনের চরিত্রে কিসের অভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. রিতার জীবনকে সুন্দর করার জন্য প্রয়োজনীয় বিষয়টির গুরুত্ব পাঠ্য বাইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১.▶ ঢাকা উত্তরের সিটির মেয়র জনাব 'ক' চৌধুরী এবং দক্ষিণের সিটি মেয়র জনাব 'খ' চৌধুরী। জনাব 'ক' চৌধুরী দায়িত্ব প্রাপ্তির শপথের দিন বলেন, "যতিদন আমি আল্লাহ ও তার রাসূল (স:) এর অনুসরণ করি ততদিন তোমরা আমার অনুসরণ করবে এবং সাহায্য করবে। আর ভুল পথে চললে সাথে সাথে সংশোধন করে দেবে।" অপর পক্ষে জনাব 'খ' চৌধুরী শিক্ষার অগ্রগতি সাধনে অনেক অঙ্গীকার করেন। জীবনের বেশির ভাগ সময় জ্ঞান সাধনায় কাটানোর জন্য তিনি তেমন সম্পদ অর্জন করতে পারেন নাই।

ক. হযরত উমর ফারুক (রা) কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? ১
খ. "মাযহাবে উসমানি" বলতে কী বোঝায়? ২
গ. সিটি মেয়র জনাব 'ক' চৌধুরীর আচরণ কিরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব 'খ' চৌধুরীর আচরণ তোমার পাঠ্য বইয়ের মিলকৃত আচরণের সাথে সংগতি রেখে মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০ বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. আত্মসমর্পণ করা এর আরবি প্রতিশব্দ কী?**
ক ইহসান খ ইমান
গ ইসলাম ঘ নিফাক

**২. রমজান সাহেব নামাজ, রোজা, হজ, যাকাত ইত্যাদি পালন করে থাকেন। এগুলো ইসলামের কোন দিকের অন্তর্ভুক্ত?**
ক বিশ্বাসগত দিক খ প্রায়োগিক দিক
গ অনানুষ্ঠানিক দিক ঘ আত্মিক দিক

**৩. হাফিজ শব্দের অর্থ কী?**
ক মহারক্ষক খ সর্বদ্রষ্টা
গ সর্বশ্রোতা ঘ প্রবল

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:**
বুরহান সাহেব একজন শিল্পপতি। তিনি একটি ফাইভ স্টার হোটেলে গিয়ে শূকরের মাংস ভক্ষণ করেন। তিনি মনে করেন এতে দোষের কিছু নেই।

**৪. বুরহান সাহেবের কর্মকাণ্ড কিসের অন্তর্ভুক্ত?**
ক শিরক খ কুফর
গ নিফাক ঘ ইসরাফ

**৫. বুরহান সাহেবের কর্মকাণ্ডের পরিণতি হলো—**
i. হতাশা সৃষ্টি
ii. অনৈতিকতার প্রসার
iii. অনন্তকালের শাস্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৬. 'প্রত্যেক প্রাণীকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে।'— এটি কোন সূরার আয়াত?**
ক সূরা আলে ইমরান খ সূরা আল বাকারা
গ সূরা আন নিসা ঘ সূরা আল মায়িদা

**৭. মুসলিম মনীষীগণ শরিয়তের বিষয়বস্তুকে প্রধানত কতটি ভাগে ভাগ করেছেন।**
ক ৪টি খ ২টি
গ ৩টি ঘ ৫টি

**৮. হিজরতের পূর্বে রাসুল (স) কুরআন শিক্ষাদানের জন্য মদিনায় প্রেরণ করেন—**
i. মুসআব ইবনে উমায়ের (রা) কে
ii. সাদ বিন আবি ওয়াক্কাস (রা) কে
iii. আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতুম (রা) কে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৯. আল্লাহ তায়ালা তাঁর প্রিয় বান্দাদের কখনোই পরিত্যাগ করেন না। এটি কোন সূরার শিক্ষা?**
ক সূরা আদ দুহা খ সূরা আল ইনশিরাহ
গ সূরা আশ শামস ঘ সূরা আল মাউন

**১০. রাসুল (স) এর জীবদ্দশায় হাদিস লিখে রাখা নিষেধ ছিল। কারণ তখন—**
ক লিখতে জানা সাহাবি ছিল না
খ কুরআন নাজিল হচ্ছিল
গ আল্লাহ তায়ালা লিখতে নিষেধ করেছেন
ঘ লিখে রাখার প্রয়োজন ছিল না

**১১. এক মুসলিমের ওপর অপর মুসলিমের কয়টি অধিকার রয়েছে?**
ক ৬টি খ ৮টি
গ ৫টি ঘ ৩টি

**১২. আল্লাহ তায়ালা জিন ও মানবজাতিকে সৃষ্টি করেছেন কেন?**
ক পৃথিবীতে বসবাস করার জন্য
খ জান্নাত ও জাহান্নামে পাঠানোর জন্য
গ পৃথিবীতে চাষাবাদ করার জন্য
ঘ আল্লাহর ইবাদাতের জন্য

**১৩. সালাতের সামাজিক গুরুত্ব হলো এটি—**
ক ইমান ও কুফরের মধ্যে পার্থক্যকারী
খ সময়ের গুরুত্ব ও শৃঙ্খলাবোধ শিক্ষা দেয়
গ অশ্লীল ও খারাপ কাজ থেকে বিরত রাখে
ঘ ইমানকে মজবুত করে

**১৪. 'যাকাত ইসলামের সেতুবন্ধ।'— এটি কোন গ্রন্থের হাদিস?**
ক বায়হাকি খ ইবনে মাজাদহ
গ তাবারানি ঘ আবু দাউদ

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
আল্লাহ তায়ালা মানবজাতির হেদায়েতের জন্য মহাগ্রন্থ আল কুরআন নাজিল করেন। এতে ১১৪টি সূরা রয়েছে। রাসুল (স) এর হিজরতের আলোকে এ সূরাগুলোকে আবার মক্কি ও মাদানি এ দুভাগে বিভক্ত করেছে।

**১৫. মক্কি সূরার সংখ্যা কতটি?**
ক ২৮টি খ ৭৬টি
গ ৮৬টি ঘ ৫৮টি

Teachingbd.com

১৬. **মাদানি সূরার বৈশিষ্ট্য হলো—**

i. এর শব্দমালা শক্তিশালী, ভাবগম্ভীর ও অন্তরে প্রকম্পন সৃষ্টিকারী
ii. এতে নিফাকের পরিচয় ও মুনাফিকদের ষড়যন্ত্রের কথা উল্লেখ করা হয়েছে
iii. এতে শরিয়তের বিধিবিধান সুস্পষ্টভাবে বর্ণনা করা হয়েছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৭. **ব্যবহারিক অর্থে তাকওয়া বলতে বোঝায়—**

ক) পরহেজগারি খ) খোদাভীতি
গ) আত্মশুদ্ধি ঘ) সবগুলো

১৮. **الحسد শব্দের অর্থ কী?**

ক) কলহ খ) হিংসা
গ) পরনিন্দা ঘ) লোভ

১৯. **যে সমাজে ঘুষ লেনদেন প্রসার লাভ করে সে সমাজে সৃষ্টি হয়—**

i. ভীতি ii. সন্ত্রাস
iii. দুর্ভিক্ষ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২০. **হযরত দাউদ (আ) করতেন—**

ক) কৃষিকাজ খ) ব্যবসা
গ) কামারের কাজ ঘ) কুমারের কাজ

২১. **সোহেল সাহেব অন্যের সুখ সম্পদ সহ্য করতে পারেন না। এর ফলে—**

ক) তার সম্পদ নষ্ট হয়ে যাবে
খ) তার শরীর খারাপ হয়ে যাবে
গ) তার সুনাম নষ্ট হয়ে যাবে
ঘ) তার নেক আমল নষ্ট হয়ে যাবে

২২. **আত্মশুদ্ধি অর্জন করা যায়—**

i. যিকিরের মাধ্যমে
ii. সবরের মাধ্যমে
iii. তাওয়াক্কুলের মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**

ইমরান সাহেব এ বছর পবিত্র হজ পালন করতে মক্কায় যান। কিন্তু তিনি মুযদালিফায় অবস্থান না করেই হজের কাজ শেষ করেন।

২৩. **ইমরান সাহেব হজের কোন বিধান লঙ্ঘন করেছেন?**

ক) ফরজ খ) সুন্নত
গ) ওয়াজিব ঘ) মুস্তাহাব

২৪. **ইমরান সাহেব যে বিধান লঙ্ঘন করেছেন তার কাফফারা হিসেবে তাকে—**

ক) পুনরায় হজ করতে হবে
খ) দম দিতে হবে
গ) মাথা মুণ্ডন করতে হবে
ঘ) সাঈ করতে হবে

২৫. **'যখন তোমরা আল্লাহর কিতাবের কোনোকিছু বুঝতে না পার তবে তার অর্থ আরবদের কবিতায় তালাশ কর।'— এ উক্তিটি কার?**

ক) আল্লাহ তায়ালার
খ) রাসুল (স)-এর
গ) ইবনে আব্বাস (রা)-এর
ঘ) হযরত আলী (রা)-এর

২৬. **মানব ইতিহাসের সর্বপ্রথম লিখিত সংবিধান কোনটি?**

ক) মদিনা সনদ খ) হুদায়বিয়ার সন্ধি
গ) তায়েফের সন্ধি ঘ) মক্কা সনদ

২৭. **মহানবি (স) হযরত আবু বকর (রা) কে কেন সিদ্দিক উপাধি প্রদান করেন?**

ক) সর্বপ্রথম ইসলাম গ্রহণ করায়
খ) কুরআন সংকলন করায়
গ) বেশি বেশি দান করায়
ঘ) মিরাজের ঘটনা শোনামাত্র বিশ্বাস করায়

২৮. **নিউপ্লেটোনিজমের উদ্ভাবক ছিলেন কে?**

ক) ইবনে রুশদ খ) আল কিন্দি
গ) জুননুন মিসরি ঘ) আল-কাসি

২৯. **আরিয়ান এমন একজন মনীষী সম্পর্কে জানতে পারল, যিনি ছিলেন একাধারে দার্শনিক, চিকিৎসক, গণিতজ্ঞ, জ্যোতির্বিদ এবং মুসলিম জগতের একজন বিজ্ঞানী ও সর্ববিদ্যায় পারদর্শী। আরিয়ান কার সম্পর্কে জানতে পারল?**

ক) আল কিন্দি খ) উমর খৈয়াম
গ) ইবনে সিনা ঘ) আল বিরুনি

৩০. **ইমাম বুখারি (র) কত হিজরিতে জন্মগ্রহণ করেন?**

ক) ১৮০ হিজরি খ) ১৯৪ হিজরি
গ) ৪৫০ হিজরি ঘ) ১৫০ হিজরি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd.com